সংবাদ

18 APR 2008

# কাঠামোবদ্ধ প্রশ্ন পদ্ধতি নিয়ে ৭ সদস্যের বিশেষজ্ঞ কমিটি

সংস্কারকৃত সৃজনশীল প্রশ্ন পদ্ধতি (কাঠামোবদ্ধ প্রশ্ন)-তে ২০১০ সাল হতে এসএসসি পরীক্ষা গ্রহণ বিষয়ে গত ১৫ এপ্রিল বিয়াম মিলনায়তনে অনুষ্ঠিত মতবিনিময় সভায়প্রাপ্ত পরামর্শের আলোকে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে সরকার ৭ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করেছে।

কমিটির সদস্যরা হলেন-প্রফেসর মনিরুজ্জামান মিয়া, আবদুল্লাহ আবু সায়ীদ, ড. মুহম্মদ ইব্রাহিম, মুহম্মদ জাফর ইকবাল, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ড. মঞ্জুর আহমদ, পিপিআরসির রিসার্চ ফেলো খন্দকার সাখাওয়াত আলী ও শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্মসচিব (মাধ্যমিক) মো. নজরুল ইসলাম খান।

কমিটির প্রথম সভায় কমিটির আহ্বায়ক মনোনীত করা হবে। কমিটি আগামী ২৪ এপ্রিলের মধ্যে সুপারিশমালা প্রণয়ন এবং সরকারের কাছে পেশ করবে। কমিটির প্রথম সভা শিগগিরই অনুষ্ঠিত হবে। তথ্য বিবরণী।